Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 29 April, 2025

মঙ্গলবার (২৯ এপ্রিল) দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ মো. জাকির হোসেন গালিবের আদালত এ আদেশ দেন। দুদকের জনসংযোগ কর্মকর্তা আকতারুল ইসলাম গণমাধ্যমকে এসব তথ্য নিশ্চিত করেন।

এদিন দুদকের উপপরিচালক মো. মনিরুল ইসলাম ফ্ল্যাট ক্রোক ও রিসিভার নিয়োগের আদেশ চেয়ে আবেদন করেন।শুনানি শেষে আবেদন মঞ্জুর করে আদেশ দেন আদালত।

দুদকের আবেদনে বলা হয়, অভিযুক্ত সায়মা ওয়াজেদ পুতুলের বিরুদ্ধে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ অনুসন্ধানাধীন।অনুসন্ধানকালে তার এ স্থাবর সম্পত্তির তথ্য পাওয়া যায়। তিনি যেন এটি বিক্রয় বা হস্তান্তর করতে না পারেন, সে জন্য তা ক্রোক এবং রিসিভার নিয়োগের আদেশ দেয়া একান্ত প্রয়োজন।

এর আগে গত ৫ মার্চ সায়মা ওয়াজেদ পুতুলের প্রতিষ্ঠিত সূচনা ফাউন্ডেশনের ১৪ ব্যাংক হিসাবে থাকা ৪৮ কোটি ৩৫ লাখ টাকা অবরুদ্ধের আদেশ দেন একই আদালত।এ ছাড়াও কয়েক দফায় পুতুলসহ শেখ হাসিনা পরিবারের সদস্যদের নামে বিভিন্ন ব্যাংকে থাকা অন্তত ১ হাজার ৬৫ কোটি ৭৮ লাখ ২২ হাজার ১১৮ টাকা অবরুদ্ধের আদেশ দেন ঢাকার আদালত।

পুতুল দুর্নীতি দমন কমিশন ঢাকা মেট্রোপলিটন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 03:14

URL: https://timestodaybd.com/bangladesh/1611775807